গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৯০.০০৩.১৯.০০৯.২৫-৯৭

তারিখ- ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**জলমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন (২০ একরের নিম্নে বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩৩ সন হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণলায়, সায়রাত-১ অধিশাখা এর গত ২৩ নভেম্বর, ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.sreebordi.sherpur.gov.bd ও www.acl.sreebordi.sherpur.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে।

সময়সূচি:

| ক্রঃ নঃ | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | বাংলা ০১ মাঘ থেকে ১৫ মাঘ, ১৪৩২ এর মধ্যে (১৫/০১/২০২৬ থেকে ২৯/০১/২০২৬ তারিখের মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে। |
| ২ | বাংলা ১৮ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ০১/০২/২০২৬ থেকে ০৩/০২/২০২৬ তারিখের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর দাখিল করেতে হবে। |

১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের আয়তন ও ইজারামূল্য

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন | ইজারার মেয়াদকাল | ৫% বৃদ্ধিতে কাঙ্ক্ষিত সরকারি মূল্য (৩ বছরের) জন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | শ্রীবরদী | সিংহজানী | ৭.৪৮ একর | বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত | ৬৩,০০০/- | |

**নিয়মাবলীঃ**

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৩। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরতযোগ্য ৫০০/- (পাচঁশত) টাকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর হতে সংগ্রহ করতে হবে।

০৪। পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০/- (পাচঁশত) টাকা জমা রশিদসহ অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার (৩ বছরের) জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর এ দাখিল করতে হবে।

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপিসহ দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য শর্তাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১০। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।

CamScanner

১২। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৩। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৪। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎসজীবী, একই সংগঠন/সমিতি দুইটির বেশী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

মনীষা আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীবরদী, শেরপুর

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-

০১. জেলা প্রশাসক, শেরপুর।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর।
০৩. প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
০৪. চেয়ারম্যান, ................................. ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
০৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ......................... ইউনিয়ন ভূমি অফিস, শ্রীবরদী, শেরপুর।
০৬. সম্পাদক, ........................................................... বিজ্ঞপ্তিটি ০১(এক) দিন তার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৭. অফিস কপি/নোটিশ বোর্ড।

মনীষা আহমেদ
সহকারী কমিশনার (ভূমি) (ভারপ্রাপ্ত)
শ্রীবরদী, শেরপুর
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীবরদী, শেরপুর

CamScanner